মানবণ্টন : পূর্ণমান ১০০

- সৃজনশীল প্রশ্নের জন্য ৬০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে।
- প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।

- **সৃজনশীল প্রশ্ন:**
  সৃজনশীল অংশে মোট ৯টি প্রশ্ন থাকবে এবং উত্তর দিতে হবে মোট ৬টি প্রশ্নের।

- **বহুনির্বাচনি প্রশ্ন :**
  ৪০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।

সৃজনশীল প্রশ্নপত্রের সাধারণ কাঠামো

এতে প্রতিটি প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ:

(ক) প্রশ্নের মান থাকবে ১

(খ) প্রশ্নের মান থাকবে ২

(গ) প্রশ্নের মান থাকবে ৩

(ঘ) প্রশ্নের মান থাকবে ৪

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে ১০।

নমুনা প্রশ্ন

সমাজকর্ম

কোর্স কোডঃ HSC-1862

সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘন্টা ১০ মিনিট
পূর্ণমান–৬০

[দ্রষ্টব্যঃ প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দিন। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিন। ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. জনাব উথান্ট একটি বিশেষ বিষয়ে উচ্চতর ডিগ্রি অর্জন করে তার নিজ গ্রামের অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মৌল মানবিক চাহিদা পূরণ তথা উন্নত জীবনযাত্রার মান নিশ্চিত করার লক্ষ্যে কিছু কার্যক্রম পরিচালনা করছেন। এজন্য তিনি জনগণের অংশগ্রহণের মাধ্যমে তাদেরকে সংগঠিত ও মানবসম্পদ উন্নয়নের প্রচেষ্টা চালাচ্ছেন। বর্তমানে তার গ্রামের নির্ভরশীল জনগোষ্ঠী যেমন– প্রতিবন্ধী, শিশু ও প্রবীণদের উন্নয়নে নানামুখী কর্মসূচি গ্রহণ করেছেন।

ক. NASW কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. পেশা বলতে কী বোঝেন? ২
গ. উদ্দীপকের আলোকে জনাব উথান্ট যে বিষয়ে উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন তার বৈশিষ্ট্য ও প্রকৃতি সম্পর্কে ব্যাখ্যা করুন। ৩
ঘ. জনাব উথান্টের কার্যক্রমের আলোকে উল্লেখিত বিষয়ের পরিধি বিশ্লেষণ করুন। ৪

২. প্রফেসর ড. মুহাম্মদ সামাদ স্নাতক (সম্মান) ১ম বর্ষের শিক্ষার্থীদের ক্লাসে সমাজকর্ম পেশা বিকাশের ঐতিহাসিক প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা করেন। তিনি তার লেকচারে এক যুগান্তকারী ও বৈপ্লবিক পরিবর্তনের ঘটনার প্রেক্ষিতে সমাজকর্ম পেশা বিকাশের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করেন।

ক. Values শব্দটির বাংলা প্রতিশব্দ কি? ১
খ. সমাজকর্মের পদ্ধতিসমূহ লিখুন। ২
গ. উদ্দীপকের আলোকে উক্ত বৈপ্লবিক ও যুগান্তকারী ঘটনাটির প্রভাব আলোচনা করুন। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সমাজকর্ম পেশা বিকাশের যোগসূত্র বিশ্লেষণ করুন। ৪

৩. জনাব হ্যানরী একজন পেশাদার সমাজকর্মী। তিনি বিধবা ও স্বামী পরিত্যক্ত দুঃস্থ ও অসহায় নারীদের সমস্যা সমাধানে কাজ করেন। মরিয়ম বেগম একজন সাহায্যার্থী (Client), যিনি তার দাম্পত্য জীবনের অনেক গুরুত্বপূর্ণ তথ্য জনাব হ্যানরীকে প্রদান করেন। জনাব হ্যানরী তা গোপন রাখেন এবং মরিয়ম বেগমকে আয়বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত করে সমাজে পুনর্বাসিত করেন। বর্তমানে মরিয়ম বেগম তার জীবনের মূলস্রোতধারায় ফিরে এসেছেন। বর্তমানে সমাজ তাকে শ্রদ্ধার চোখে দেখে।

ক. পেশাগত সম্পর্ক বা Rapport কী? ১
খ. পেশা ও বৃত্তির মধ্যকার বিদ্যমান দুটি গুরুত্বপূর্ণ পার্থক্য তুলে ধরুন। ২
গ. উদ্দীপকে সাহায্যার্থীর সমস্যা সমাধানে সমাজকর্মী কর্তৃক অনুশীলিত মূল্যবোধের বর্ণনা দিন। ৩
ঘ. "সমাজকর্ম একটি মূল্যবোধ নির্দেশিত পেশাগত কর্মকান্ড"– উক্তিটির যতার্থতা বিশ্লেষণ করুন। ৪

৪. স্বর্গীয় প্রতিমা পাল মৃত্যুর পূর্বে তাঁর স্থাবর ও অস্থাবর সম্পত্তির সমুদয় অংশ একটি মন্দিরের নামে দান করে যান। তিনি তাঁর দানকৃত সম্পত্তি দিয়ে ধর্মীয় শিক্ষামূলক প্রতিষ্ঠান তৈরির জন্য মন্দির পরিচালনা পর্ষদকে অনুরোধ করে যান। তাঁর ইচ্ছানুযায়ী প্রদত্ত সম্পত্তির সদ্ব্যবহার করা হয়।

ক. 'Charity' শব্দটি কোন ধরনের শব্দ হতে উদ্ভূত হয়েছে? ১
খ. সমাজকল্যাণ ও সমাজকর্মের মধ্যে বিদ্যমান মৌলিক পার্থক্যটি লিখুন। ২
গ. উদ্দীপকে বর্ণিত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের গুরুত্ব ব্যাখ্যা করুন। ৩
ঘ. "সমাজকর্মের লক্ষ্য অর্জনের ঐতিহ্যগত বা সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠানের তাৎপর্য অপরিসীম"– উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করুন। ৪

৫. শিমুল সাহা একজন শিক্ষানবিস সমাজকর্মী হিসেবে একটি প্রতিষ্ঠানে সমাজকর্মের তাত্ত্বিকজ্ঞান বাস্তবে অনুশীলন করছেন। উক্ত প্রতিষ্ঠানটি অস্বাভাবিক আচরণ করে এমন মানুষের সমস্যা সমাধানে কাজ করে। প্রতিষ্ঠানে অবস্থানরত নিবাসীদের অস্বাভাবিক আচরণের কারণ, প্রকৃতি ও ক্রিয়া-প্রতিক্রিয়া বিশ্লেষণ করে সমস্যা সমাধানের জন্য একটি বিশেষ শাখার জ্ঞান প্রয়োগ করছেন।

ক. সমাজকর্ম কি ধরনের বিজ্ঞান? ১

খ. সতীদাহ প্রথা কী? ২

গ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানের নিবাসীদের সমস্যা সমাধানে কোন শাখার জ্ঞান প্রয়োজন– তা নিরূপণ করুন। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত শাখার সাথে সমাজকর্মের গভীর সম্পর্ক রয়েছে– কথাটি যুক্তি সহকারে বিশ্লেষণ করুন। ৪

৬. বাঁধন ১৬ বছরের একজন কিশোর। সে কিছুদিন যাবত ধূমপানে আসক্ত হয়ে পড়েছে। তার বাবা বিষয়টি বুঝতে পেরে একজন পেশাদার সমাজকর্মীর নিকট তাকে নিয়ে যান। সমাজকর্মী বাঁধনকে তার সমস্যা সমাধানে সক্ষম করে তোলেন।

ক. সামাজিক গবেষণা সমাজকর্মের কোন ধরনের পদ্ধতি? ১

খ. সামাজিক কার্যক্রমের পাঁচটি উপাদান লিখুন। ২

গ. বাঁধনের সমস্যা সমাধানে সমাজকর্মের কোন পদ্ধতিটি প্রয়োগযোগ্য তা নিরূপন করুন। ৩

ঘ. সমাজকর্মী বাঁধনের সমস্যা সমাধানে কী প্রক্রিয়া অনুসরণ করেছেন তা বিশ্লেষণ করুন। ৪

৭. নাসিমার বয়স ১৪ বছর। সে এবার জেএসসি পরীক্ষা দিবে। তাই সে মনোযোগ সহকারে প্রস্তুতি নিচ্ছে। তার পিতা-মাতা তাকে বিয়ে দেয়ার জন্য পাত্র ঠিক করেছে এবং কিছুদিন যাবত তাকে স্কুলে না যাওয়ার জন্য বাধ্য করছেন। নাসিমাদের গ্রামে নাসিমার মতো বেশ কয়েকজন মেয়েশিশুর বিয়ের ব্যাপারে কথাবার্তা চলছে। তবে তারা কেউই এখন বিয়ে করতে আগ্রহী নয়। কেননা তারা পড়াশোনা করে নিজের পায়ে দাঁড়াতে আগ্রহী। এমতাবস্থায় নাসিমা গ্রামের অন্য মেয়েদের সঙ্গে নিয়ে গ্রামে কর্মরত একটি এনজিও'র মাধ্যমে বিষয়টির বিরুদ্ধে সোচ্চার আন্দোলন গড়ে তোলে। ফলে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় বিষয়টি প্রতিরোধ সম্ভবপর হয়।

ক. পদ্ধতি শব্দটি ইংরেজি কোন শব্দ থেকে এসেছে? ১

খ. দল সমাজকর্মের উপাদানসমূহ লিখুন। ২

গ. উদ্দীপকে বর্ণিত গ্রামে সমাজকর্মের যে পদ্ধতির প্রতিফলন লক্ষণীয় সে পদ্ধতিটির প্রক্রিয়া বর্ণনা করুন। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত পদ্ধতিটি প্রয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ করুন। ৪

৮. শিশুরা আগামী দিনের ভবিষ্যত। শিশুদের সুরক্ষা, সর্বোত্তম উন্নয়ন, শিশু স্বার্থ ও অধিকার রক্ষার ওপর বিশেষ জোর দিতে বাংলাদেশ সরকার উদ্যোগ গ্রহণ করেছে। যেটিতে জাতিসংঘের শিশু অধিকার সনদের প্রতিফলন লক্ষণীয়।

ক. শিশু কারা? ১

খ. পরিকল্পনা বলতে কী বোঝেন? ২

গ. উদ্দীপকে উল্লীখত উদ্যোগটির গুরুত্বপূর্ণ দিকসমূহ আলোকপাত করুন। ৩

ঘ. উদ্দীপকের আলোকে গৃহীত উদ্যোগটি বাস্তবায়নের সমস্যাসমূহ বিশ্লেষণ করুন। ৪

৯. বর্তমানে উন্নত দেশসমূহে সমাজকর্মে উচ্চতর ডিগ্রি ধারীরা সরকারি-বেসরকারি পর্যায়ে সমাজকর্ম অনুশীলন করে ব্যক্তি, দল ও সমষ্ঠির সমস্যা সমাধানে ভূমিকা পালন করছে। অন্যদিকে বাংলাদেশে সমাজকর্মে ডিগ্রিধারীরা ইচ্ছা থাকা সত্ত্বেও সমাজকর্ম অনুশীলনের সুযোগ পাচ্ছে না। জাতিসংঘের সুপারিশে ১৯৪৭ সালে দেশ বিভাগের পর সমাজকর্মের পেশাগত যাত্রা শুরু হলেও এখনও এদেশে সমাজকর্ম পূর্ণাঙ্গ পেশা হিসেবে প্রতিষ্ঠিত হতে পারেনি।

ক. বাংলাদেশে সমাজকর্মের যাত্রা শুরু হয় কত সালে? ১

খ. সামাজিক দল কী? ২

গ. বাংলাদেশে সমাজকর্ম পেশা অনুশীলনের প্রয়োজনীয়তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করুন। ৩

ঘ. উন্নত বিশ্বে অনেক দেশে সমাজকর্ম পেশা হলেও বাংলাদেশে সমাজকর্ম আজও পেশা নয় কেন?– বিশ্লেষণ করুন।৪

সমাজকর্ম

বহুনির্বাচনি অভীক্ষা

সময়: ৪০ মিনিট
পূর্ণমান– ৪০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার প্রতিটি ক্রমিক নম্বরের প্রশ্নের সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি উত্তরপত্রে লিখুন।]

১. সমাজকর্ম পেশার অগ্রদূত কে ছিলেন?
ক. W. A. Friedlander খ. Robert L. Barker
গ. Marry Ellen Richmond ঘ. Arthur Dunham

২. সমাজকর্মের প্রকৃতি হচ্ছে–
i. সাহায্যকারী প্রক্রিয়া ii. বহুমুখী প্রক্রিয়া iii. বদান্যতানির্ভর প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. APASWE এর পূর্ণরূপ কোনটি?
ক. Asia-Pacific Association of Social Work Education
খ. American Association of Social Work Education
গ. Atlantic-Pacific Association of Social Work Education
ঘ. Africa-Pacific Association of Social Work Education

৪. COS এর পূর্ণরূপ কোনটি?
ক. Community Organization Society খ. Curity Organization Society
গ. Charity Organization Society ঘ. Changing Organization Society

৫. বাংলাদেশে সমাজকর্ম শিক্ষার সূচনা ঘটে কোন কর্মসূচির মাধ্যমে?
ক. United Community Development Project
খ. Urban Community Development Program
গ. Urban Community Development Project
ঘ. Under Community Development Project

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দিন :



৬. উদ্দীপকটি '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?
ক. সমাজকল্যাণ খ. সামাজিক নিরাপত্তা
গ. সামাজিক আইন ঘ. সমাজকর্ম

৭. দুস্থ-অসহায় ও অসুবিধাগ্রস্ত কারা?
i. ছিন্নমূল পথশিশু ii. ভাসমান জনগোষ্ঠী iii. গার্মেন্টসকর্মী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দিন :

জনাব মোঃ দেলোয়ার হোসেন একজন প্রবেশন অফিসার। তার তত্ত্বাবধানে বর্তমানে দশজন কিশোর অপরাধীকে সংশোধনের জন্য শর্তসাপেক্ষে মুক্তি দেয়া হয়েছে। কিশোর অপরাধীদের মধ্যে বিত্তহীন, নিম্নবিত্ত, মধ্যবিত্ত ও উচ্চবিত্ত পরিবারের কিশোর রয়েছে। এছাড়া তাদের মধ্যে দুইজন কিশোর অপরাধীর গ্রামের বাড়ি প্রবেশন অফিসারের গ্রামে এবং তারা দুজনই মুসলমান। ফরে প্রবেশন অফিসার উচ্চবিত্ত, তার নিজ গ্রামের ও নিজ ধর্মের কিশোর অপরাধীদের সেবা প্রদানে অধিক যত্নশীল।

৮. উদ্দীপকটিতে মোঃ দেলোয়ার হোসেনের পেশার মূল লক্ষ্য-উদ্দেশ্য কী?

ক. সমস্যাগ্রস্ত ব্যক্তিকে সাহায্য করা
খ. সমস্যাগ্রস্ত ব্যক্তিকে সামাজিক ভূমিকা পালনে সক্ষম করা
গ. সনাতন ও প্রথাগত পদ্ধতিতে সহায়তা করা
ঘ. বাহ্যিক সাহায্য প্রদান করা

৯. উদ্দীপকটি মোঃ দেলোয়ার হোসেন কোন পেশাগত মূল্যবোধ লঙ্ঘন করেছেন?

i. সকলকে সমান সুযোগ দান ii. ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি iii. সামাজিক দায়িত্ববোধ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১০. নিচের কোনটি পেশা নয়?

ক. রিক্সা চালানো
খ. ডাক্তারি
গ. ওকালতি
গ. শিক্ষকতা

১১. কার শাসন আমলে সতীদাহ প্রথা উচ্ছেদ আইন প্রবর্তন করা হয়?

ক. বাদশাহ আকবর
খ. রাজা রামমোহন রায়
গ. লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক
ঘ. লর্ড ক্লাইভ

১২. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কর্তৃক রচিত প্রবন্ধ কোনটি?

ক. বাল্যবিবাহের প্রতিকার
খ. বাল্যবিবাহ : কারণ ও প্রতিকার
গ. বাল্যবিবাহের দোষ
ঘ. বাল্যবিবাহ নিরোধ

১৩. 'Sociology' শব্দটি সর্বপ্রথম কোন দার্শনিক ব্যবহার করেন?

ক. Kangsley Davis
খ. Franklin Giddings
গ. Auguste Comte
ঘ. John B. Watson

১৪. শাহীন আক্তার ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি বিষয়ে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হয়েছে। তার অধীত বিষয় সম্পর্কে জানতে চাইলে বলল, সে এমন একটি বিষয়ে পড়াশোনা করছে, যা মানুষের শারীরিক গঠন-প্রকৃতি ও জীবনপ্রণালী সম্বন্ধে আলোচনা করে। শাহনি আক্তারের অধীত বিষয় কোনটি?

ক. জনবিজ্ঞান
খ. সমাজবিজ্ঞান
গ. নৃ-বিজ্ঞান
ঘ. সাংবাদিকতা

১৫. মাধ্যমিক দলের অন্তর্ভুক্ত হচ্ছে−

i. পরিবার ii. শ্রমিক সংঘ iii. নাট্যদল

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. ii ও iii
গ. i ও iii
ঘ. i, ii ও iii

১৬. বাংলাদেশের প্রথম শিক্ষানীতি প্রণীত হয় কত সালে?

ক. ১৯৭২
খ. ১৯৭৩
গ. ১৯৭৪
ঘ. ১৯৭৫

১৭. জাতীয় জনসংখ্যা নীতি, ২০০৪ এর উদ্দেশ্য হচ্ছে−

i. পরিবার পরিকল্পনা ii. প্রজনন স্বাস্থ্য উন্নয়ন iii. সার্বিক জীবনমান উন্নয়ন

নিচের কোনটি সঠিক?

ক. i ও iii
খ. i ও ii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৮. সামাজিক নীতি প্রণয়ন ও বাস্তবায়নের সমস্যা হচ্ছে–
i. জনগণের সচেতনতা ও অংশগ্রহণের অভাব
ii. দক্ষ জনবল ও বিশেষজ্ঞদের অভাব
iii. অর্ধেক জনগোষ্ঠী যুবক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. ii ও iii
গ. i ও iii
ঘ. i, ii ও iii

১৯. "পরিকল্পনা হলো সচেতন ও সুচিন্তিত নির্দেশনা যাতে সম্মিলিত উদ্দেশ্য অর্জনের যৌক্তিক ভিত্তি সৃষ্টি হয়"– উক্তিটি কার?
ক. Arthur Dunhan
খ. W. H. Nawman
গ. H. B. Trecker
ঘ. P. N. Sharma

২০. চীনে সর্বপ্রথম সমাজকর্ম শিক্ষার উদ্ভব হয় কত সালে?
ক. ১৯২০
খ. ১৯২১
গ. ১৯৩০
ঘ. ১৯৩৪

২১. বর্তমানে বাংলাদেশে কতটি সরকারি বিশ্ববিদ্যালয়ে সমাজকর্মে উচ্চ শিক্ষা চালু রয়েছে?
ক. দুই
খ. তিনটি
গ. চারটি
ঘ. পাঁচটি

২২. MDGs এর পূর্ণরূপ কী?
ক. Millennium Declaration Goals
খ. Millennium Diliberate Goals
গ. Millennium Development Goals
ঘ. Middle Development Goals

২৩. সামাজিক আইন কেন প্রণয়ন করা হয়?
ক. নারী ও শিশু নির্যাতন বন্ধের জন্য
খ. রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য
গ. নাগরিকদের সচেতন করার জন্য
ঘ. সামাজিক নীতি বাস্তবায়নের জন্য

২৪. দক্ষিণ সুদানে জনসংখ্যার একটি বিশেষ অংশের পুষ্টির হার বৃদ্ধির জন্য একটি নীতি প্রণয়ন করা হয়েছে। তবে বিভিন্ন সমস্যার কারণে তা যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। দক্ষিণ সুদানের সাথে নিচের কোন দেশের সাদৃশ্য রয়েছে?
ক. যুক্তরাষ্ট্র
খ. জাপান
গ. রাশিয়া
ঘ. বাংলাদেশ

২৫. শিল্পবিপ্লবের ফলে কোন শিল্পটি ক্ষতির সম্মুখীন হয়েছে?
ক. চামড়া শিল্প
খ. পোশাক শিল্প
গ. বৃহৎ শিল্প
ঘ. ক্ষুদ্র ও কুটির শিল্প

২৬. বাংলাদেশে সমষ্টি উন্নয়ন পদ্ধতির প্রয়োগক্ষেত্র কোনটি?
ক. শহর সমষ্টি উন্নয়নে
খ. মনো-সামাজিক সমস্যা সমাধানে
গ. প্রবেশন সেবায়
গ. পতিতা সমস্যা নিরসনে

নিচের উদ্দীপনকটি পড়ুন এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দিন :
'ক' নামক রাষ্ট্র অভাব, রোগ, অজ্ঞতা, মলিনতা ও অসুস্থতাজনিত অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলার জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। বয়স্ক, প্রতিবন্ধী ও বেকার জনগোষ্ঠীর জন্য বিভিন্ন ধরনের সমাজসেবা কর্মসূচী গ্রহণ করেছে। এছাড়া সরকারি চাকুরিজীবীদের জন্য সামাজিক বীমা ও সামাজিক সাহায্য কার্যক্রম চালু করেছে।

২৭. উদ্দীপককে 'ক' রাষ্ট্রের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?
ক. সামাজিক সংস্কার
খ. সামাজিক নিরাপত্তা
গ. সামাজিক আইন
গ. সামাজিক উন্নয়ন

২৮. উদ্দীপকে যে দিকটি প্রতিফলিত হয়েছে সেটির প্রথম সূত্রপাত ঘটে কোন দেশে?
ক. যুক্তরাজ্য
খ. যুক্তরাষ্ট্র
গ. অস্ট্রেলিয়া
গ. কানাডা

২৯. সমাজকর্মের সহায়ক পদ্ধতির মধ্যে রয়েছে–
i. সমাজকর্ম প্রশাসন ii. সামাজিক কার্যক্রম iii. সামাজিক নিরাপত্তা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

৩০. 'সমষ্টি' শব্দটির ইংরেজি প্রতিশব্দ কী?
ক. Total খ. Average
গ. Whole ঘ. Community

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩১ ও ৩২নং প্রশ্নের উত্তর দিন :



৩১. উদ্দীপকটিতে '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?
ক. সামাজিক আন্দোলন খ. সামাজিক সংস্কার
গ. সামাজিক কার্যক্রম ঘ. সামাজিক গবেষণা

৩২. উদ্দীপকটিতে '?' চিহ্নিত স্থানে যে বিষয়টি প্রতিফলিত হয়েছে, সেটির গুরুত্ব হচ্ছে–
i. বাঞ্ছিত সামাজিক পরিবর্তন ii. আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ iii. কুসংস্কার ও সামাজিক গোঁড়ামি দূরীকরণ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

৩৩. মজিদ মিঞার ছেলে-মেয়েরা শহরে বড় চাকুরী করে। তারা সকলে প্রতিষ্ঠিত হলেও মজিদ মিঞা গ্রামে দরিদ্র জীবযাপন করছে। তার ছেলে-মেয়েরা তার প্রতি কোনো ধরনের দায়িত্ব পালন করছে না। মজিদ মিঞার পরিবারে কোন বিষয়টির প্রভাব লক্ষ্যনীয়?
ক. আধুনিকায়ন খ. শহরায়ন
খ. পারিবারিক বিশৃঙ্খলা ঘ. শিক্ষার অভাব

৩৪. মন্নুজান বেশ কিছুদিন যাবত মিথ্যে কথা বলছে। তার মা বিষয়টির প্রতি নজর দেন। অবশেষে মন্নুজানকে একটি বেসরকারি ক্লিনিকে নিয়ে যান। সেখানে একজন পেশাগত প্রতিনিধি একটি সুনির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে সমস্যা সমাধান করেন। উক্ত বিষয়টির সাথে কোন বিষয়টির সাদৃশ্য রয়েছে?
ক. ব্যক্তি সমাজকর্ম খ. দল সমাজকর্ম
গ. সমষ্টি উন্নয়ন সমাজকর্ম গ. সমষ্টি সংগঠন সমাজকর্ম

৩৫. সামাজিক দলকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায় তা হলো :
ক. মুখ্য ও গৌণ দল খ. অন্তঃ ও বহিঃ দল
গ. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গ. স্থায়ী ও অস্থায়ী দল

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দিন :



৩৬. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?
ক. দলীয় সহযোগিতা   খ. দলীয় সহমর্মিতা
গ. দলীয় যোগাযোগ   ঘ. দলীয় সম্প্রীতি

৩৭. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানের বিষয়টি কিভাবে নিশ্চিত করা যায়?
ক. মানবীয় গুণাবলি ও মনোভাব সৃষ্টির মাধ্যমে   খ. দলীয় শাস্তি প্রদানের মাধ্যমে
গ. দলীয় কঠোর বিধি-বিধানের মাধ্যমে   ঘ. দলীয় দ্বন্দ্বের মাধ্যমে

৩৮. বাজিতপুর গ্রামের অধিকাংশ লোক দারিদ্র্য, নিরক্ষরতা, বেকারত্বসহ অন্যান্য আর্থ-সামাজিক সমস্যায় জর্জরিত। বাজিতপুরে সমাজকর্মের কোন পদ্ধতি বেশি কার্যকরি হবে?
ক. ব্যক্তি সমাজকর্ম ও সামাজিক কার্যক্রম   খ. দল সমাজকর্ম ও সামাজিক গবেষণা
গ. সমষ্টি উন্নয়ন ও সামাজিক গবেষণা   ঘ. সমষ্টি সংগঠন ও সামাজিক গবেষণা

৩৯. সামাজিক উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে কোনটিকে গণ্য করা হয়?
ক. সামাজিক নীতি   খ. সামাজিক পরিকল্পনা
গ. সমাজসেবা   ঘ. সামাজিক প্রকল্প

৪০. Richard M. Titmass তাঁর "Social Policy" গ্রন্থে সামাজিক নীতির কয়টি উদ্দেশ্য নির্ধারণ করেছেন?
ক. দুইটি   খ. তিনটি
গ. চারটি   ঘ. পাঁচটি